যুগান্তর

তারিখ : 12 FEB 2016
পৃষ্ঠা : ০৩ কলাম : ৩

# ফতুল্লায় স্কুলে সিসি ক্যামেরা স্থাপন

**ফতুল্লা প্রতিনিধি**

ফতুল্লার ইসদাইর এলাকায় যৌন হয়রানি ও মাদক ব্যবসায়ীদের প্রতিরোধে একটি বেসরকারি বিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ইসদাইর রাবেয়া হোসেন উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষ বৃহস্পতিবার দুপুরে বিভিন্ন স্থানে সিসি টিভি ক্যামেরা স্থাপন করেন। এ সময় বিদ্যালয়ে উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ সদর উপজেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা আফরোজা আক্তার চৌধুরী, ফতুল্লা ইউনিয়ন আওয়ামী লীগ ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোহাম্মদ মিছির আলী, ছিদ্দিকুর রহমান প্রমুখ।